যুগান্তর
প্রিন্ট: ১৩ আগস্ট ২০২৫, ১০:২০ এএম

রাজনীতি

# এবার ছাত্র সংসদ নির্বাচন না হলে তিন দশকেও হবে না: নুর

রাবি প্রতিনিধি

প্রকাশ: ১১ আগস্ট ২০২৫, ০৯:৫০ পিএম



গণঅধিকার পরিষদের সভাপতি ও ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নুর বলেছেন, এবার যদি বিশ্ববিদ্যালয়গুলোতে ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠিত না হয়, তাহলে তিন দশকেও হবে না।

সোমবার (১১ আগস্ট) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ডিনস কমপ্লেক্সের সম্মেলন কক্ষে ‘দাসত্ব নাকি মুক্তি: শিক্ষার্থীদের ভাবনায় ছাত্র সংসদ’ শীর্ষক মতবিনিময় সভায় আলোচকের বক্তব্যে এ মন্তব্য করেন তিনি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলোতে রাজনৈতিক ছাত্রসংগঠনগুলোর হল কমিটি প্রসঙ্গে নুর বলেন, আমরা হলপর্যায়ে রাজনীতি চাই না, তবে ক্যাম্পাসে রাজনীতির চর্চা থাকুক—সেটি ছাত্রসংগঠনগুলোর বোঝাপড়ার মাধ্যমে হওয়া উচিত।

জাতীয় নির্বাচন বিষয়ে তিনি সন্দেহ প্রকাশ করে বলেন, ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচন হবে কিনা, তা নিয়ে আমার সংশয় আছে। কারণ নির্বাচনের আগে দেশি-বিদেশি প্রেক্ষাপট ও রাজনৈতিক দলগুলো গণ-অভ্যুত্থানের পক্ষে থাকার দাবি করলেও তাদের মধ্যে বিভাজন চরমে পৌঁছেছে। এই বিভাজনের কারণে নির্বাচন বাস্তবায়ন নিয়ে সন্দেহ দেখা দিয়েছে।

ঐকমত্য কমিশনের আলোচিত বিষয় পিআর পদ্ধতি নিয়ে নুর বলেন, বিএনপির এ বিষয়ে দ্বিমত রয়েছে। পদ্ধতিটি পাস হয়েছে ঠিকই, কিন্তু নোট অব ডিসেন্ট দেওয়া হয়েছে। বাংলাদেশে এটি কার্যকর হলে সংসদ বারবার ভেঙে দেওয়া হতে পারে। এটি কার্যকর হবে কি না, তা নির্ভর করবে আগামীতে যারা সরকার গঠন করবে, তাদের ওপর।

মতবিনিময় সভাটির আয়োজন করে মুক্তালাপ নামে একটি সংগঠন। সভায় রাবি ছাত্র উপদেষ্টা অধ্যাপক আমিরুল ইসলাম কনক, বিভিন্ন বিভাগের শিক্ষক ও বিভিন্ন ছাত্র সংগঠনের নেতারা উপস্থিত ছিলেন।